বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।
www.bb.org.bd

এফই সার্কুলার নম্বর ২৮

তারিখ: আষাঢ় ২৬, ১৪৩২ / জুলাই ১০, ২০২৫

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়গণ,

২০২৫-২০২৬ অর্থবছরের ০১ জুলাই ২০২৫ থেকে ৩১ ডিসেম্বর ২০২৫ তারিখ পর্যন্ত রপ্তানির বিপরীতে রপ্তানি প্রণোদনা /নগদ সহায়তা প্রদান।

দেশের রপ্তানি বাণিজ্য উৎসাহিত করার লক্ষ্যে সরকার বর্তমানে ৪৩টি খাতে রপ্তানির বিপরীতে রপ্তানি প্রণোদনা/নগদ সহায়তা প্রদান করছে। এ প্রেক্ষিতে ০১ জুলাই ২০২৫ থেকে ৩১ ডিসেম্বর ২০২৫ তারিখ পর্যন্ত জাহাজিকৃত পণ্যের ক্ষেত্রে বিদ্যমান খাতগুলোতে রপ্তানি প্রণোদনা/নগদ সহায়তার হার এতদ্‌সংযুক্ত ছক (পরিশিষ্ট-ক) অনুসারে প্রযোজ্য হবে।

০২। ২০২৫-২০২৬ অর্থবছরের উল্লিখিত সময়ের রপ্তানির বিপরীতে রপ্তানি প্রণোদনা/নগদ সহায়তার আবেদনপত্র বহিঃনিরীক্ষক দ্বারা নিরীক্ষা করানো যাবে। এক্ষেত্রে নিরীক্ষা কার্যক্রম সংক্রান্ত এফই সার্কুলার পত্র নম্বর ১০, তারিখ জুলাই ০৮, ২০২৪-এর নির্দেশনাসহ সংশ্লিষ্ট অপরাপর এফই সার্কুলার/সার্কুলার পত্রের নির্দেশনা যথারীতি বহাল থাকবে।

রপ্তানি প্রণোদনা/নগদ সহায়তা প্রদানের ক্ষেত্রে প্রযোজ্য শর্তসহ সকল এফই সার্কুলার/সার্কুলার পত্রের নির্দেশনা যথারীতি কার্যকর থাকবে। সংশ্লিষ্ট সকল পক্ষকে বিষয়টি অবহিত করার জন্য নির্দেশনা দেওয়া হলো।

আপনাদের বিশ্বস্ত,

সংযুক্তি: পরিশিষ্ট-ক (২ পাতা)

(মোঃ হারুন-অর-রশিদ)
পরিচালক (এফইপিডি)
ফোন নম্বর : ৯৫৩০১২৩

পরিশিষ্ট-ক

সূত্র : এফই সার্কুলার নম্বর ২৮/২০২৫ দ্রষ্টব্য

০১ জুলাই ২০২৫ থেকে ৩১ ডিসেম্বর ২০২৫ পর্যন্ত জাহাজিকৃত পণ্যের ক্ষেত্রে বিভিন্ন খাতে প্রযোজ্য রপ্তানি প্রণোদনার হার

| ক্রম | খাতের নাম | হার (%) |
|---|---|---|
| ১. | রপ্তানিমুখী দেশিয় বস্ত্রখাতে শুল্ক বন্ড ও ডিউটি ড্র-ব্যাক-এর পরিবর্তে বিকল্প নগদ সহায়তা | ১.৫০ |
| ২. | ইউরো অঞ্চলে বস্ত্রখাতের রপ্তানিকারকদের জন্য বিদ্যমান ১.৫০% এর অতিরিক্ত বিশেষ সহায়তা | ০.৫০ |
| ৩. | রপ্তানিমুখী তৈরি পোশাক খাতের (নীট, ওভেন ও সোয়েটার) অন্তর্ভুক্ত সকল ক্ষুদ্র ও মাঝারি শিল্পের অতিরিক্ত সুবিধা | ৩.০০ |
| ৪. | নতুন পণ্য/নতুন বাজার (বস্ত্রখাত) সম্প্রসারণ সহায়তা (আমেরিকা/কানাডা/ইইউ/ইউকে ব্যতীত) | ২.০০ |
| ৫. | তৈরি পোশাক খাতে বিশেষ নগদ সহায়তা | ০.৩০ |
| ৬. | পাটজাত দ্রব্যাদি রপ্তানি খাতে রপ্তানি প্রণোদনা:<br>ক) বৈচিত্র্যকৃত পাটপণ্য (Diversified Jute product)<br>খ) পাটজাত চূড়ান্ত দ্রব্য (হেসিয়ান, সেকিং ও সিবিসি)<br>গ) পাটসুতা (ইয়ার্ন ও টোয়াইন)<br>(পাট আইন, ২০১৭ তে উল্লিখিত বৈচিত্র্যকৃত পাটপণ্যের সংজ্ঞা অনুসারে ন্যূনতম ৫০ ভাগ মূল্যমানের পাটের ব্যবহার থাকতে হবে) | <br>১০.০০<br>৫.০০<br>৩.০০ |
| ৭. | চামড়াজাত দ্রব্যাদি রপ্তানি খাতে রপ্তানি প্রণোদনা (সিলিং সীমা পূর্বের ন্যায় বহাল থাকবে) | ১০.০০ |
| ৮. | হাতে তৈরি পণ্য (হোগলা, খড়, আখের/নারিকেলের ছোবড়া, গাছের পাতা/খোল, গার্মেন্টস-এর ঝুট কাপড় ইত্যাদি) রপ্তানি খাতে রপ্তানি প্রণোদনা | ৬.০০ |
| ৯. | গরু মহিষের নাড়ি, ভুঁড়ি, শিং ও রগ (হাড় ব্যতীত) রপ্তানির বিপরীতে রপ্তানি প্রণোদনা | ৬.০০ |
| ১০. | হিমায়িত চিংড়ি ও অন্যান্য মাছ রপ্তানি খাতে রপ্তানি প্রণোদনা:<br>ক) হিমায়িত চিংড়ি রপ্তানিতে বরফ আচ্ছাদনের হার<br>Up to ২০%<br>Above ২০% to ৩০%<br>Above ৩০% to ৪০%<br>Above ৪০%<br>খ) হিমায়িত অন্যান্য মাছ রপ্তানিতে বরফ আচ্ছাদনের হার<br>Up to ২০%<br>Above ২০% to ৩০%<br>Above ৩০% to ৪০%<br>Above ৪০% | <br><br>৮.০০<br>৭.০০<br>৬.০০<br>৪.০০<br><br>৩.৫০<br>২.৫০<br>২.০০<br>১.৫০ |
| ১১. | কৃষিপণ্য (শাকসব্জি/ফলমূল) ও প্রক্রিয়াজাত (এগ্রোপ্রসেসিং) কৃষিপণ্য রপ্তানি খাতে রপ্তানি প্রণোদনা | ১০.০০ |
| ১২. | আলু রপ্তানি খাতে রপ্তানি প্রণোদনা | ১০.০০ |
| ১৩. | হাল্কা প্রকৌশল পণ্য রপ্তানি খাতে রপ্তানি প্রণোদনা | ১০.০০ |
| ১৪. | ১০০% হালাল মাংস ও ১০০% হালাল প্রক্রিয়াকৃত মাংসজাত পণ্য রপ্তানি খাতে রপ্তানি প্রণোদনা | ১০.০০ |
| ১৫. | সাভারে চামড়া শিল্প নগরীতে অবস্থিত কারখানা ও সাভারের বাইরে অবস্থিত নিজস্ব ইটিপি রয়েছে এ রূপ কারখানায় উৎপাদিত ক্রাস্ট ও ফিনিশড লেদার রপ্তানির বিপরীতে রপ্তানি প্রণোদনা<br>ক) ক্রাস্ট (Crust) লেদার<br>খ) ফিনিশড লেদার | <br><br>৬.০০<br>৬.০০ |
| ১৬. | ক) পেট বোতল-ফ্লেক্স রপ্তানির বিপরীতে রপ্তানি প্রণোদনা<br>খ) পেট বোতল-ফ্লেক্স থেকে উৎপাদিত পলিইয়েস্টার স্টাপল ফাইবার রপ্তানির বিপরীতে রপ্তানি প্রণোদনা | ৬.০০<br>৬.০০ |

সূত্র : এফই সার্কুলার নম্বর ২৮/২০২৫ দ্রষ্টব্য



| ক্রম | খাতের নাম | হার % |
|---|---|---|
| ১৭. | জাহাজ রপ্তানির বিপরীতে রপ্তানি প্রণোদনা | ৬.০০ |
| ১৮. | পাটকাঠি থেকে উৎপাদিত কার্বন ও জুট পার্টিকেল বোর্ড রপ্তানির বিপরীতে রপ্তানি প্রণোদনা | ৮.০০ |
| ১৯. | শস্য ও শাক সবজি-এর বীজ রপ্তানির বিপরীতে রপ্তানি প্রণোদনা | ৮.০০ |
| ২০. | ফার্নিচার রপ্তানির বিপরীতে রপ্তানি প্রণোদনা | ৮.০০ |
| ২১. | প্লাস্টিক দ্রব্য রপ্তানির বিপরীতে রপ্তানি প্রণোদনা | ৬.০০ |
| ২২. | দেশে উৎপাদিত কাগজ ও কাগজ জাতীয় পণ্য রপ্তানিতে রপ্তানি প্রণোদনা | ৬.০০ |
| ২৩. | আগর ও আতর রপ্তানির বিপরীতে রপ্তানি প্রণোদনা | ৮.০০ |
| ২৪. | Active Pharmaceutical Ingredients (API) রপ্তানির বিপরীতে রপ্তানি প্রণোদনা | ৫.০০ |
| ২৫. | অ্যাকুমুলেটর ব্যাটারি (HS code: 8507.10 এবং 8507.20) রপ্তানির বিপরীতে রপ্তানি প্রণোদনা | ১০.০০ |
| ২৬. | সিনথেটিক ও ফেব্রিকস্-এর মিশ্রণে তৈরি পাদুকা ও ব্যাগ রপ্তানির বিপরীতে রপ্তানি প্রণোদনা | ৮.০০ |
| ২৭. | (ক) বাংলাদেশ হতে সফটওয়্যার, আইটিইএস (Information Technology Enabled Services) ও হার্ডওয়্যার রপ্তানির বিপরীতে রপ্তানি প্রণোদনা<br>(খ) সফটওয়্যার, আইটিইএস সেবা রপ্তানির বিপরীতে ব্যক্তি পর্যায়ের ফ্রিল্যান্সারদের জন্য রপ্তানি প্রণোদনা | ৬.০০<br>২.৫০ |
| ২৮. | ফার্মাসিউটিক্যালস পণ্য (মেডিক্যাল/সার্জিক্যাল Instruments and Appliances সহ) রপ্তানির বিপরীতে রপ্তানি প্রণোদনা | ৬.০০ |
| ২৯. | মোটর সাইকেল রপ্তানির বিপরীতে রপ্তানি প্রণোদনা | ৬.০০ |
| ৩০. | Photovoltaic Module রপ্তানির বিপরীতে রপ্তানি প্রণোদনা | ৬.০০ |
| ৩১. | রেজার ও রেজার ব্লেড রপ্তানির বিপরীতে রপ্তানি প্রণোদনা | ৬.০০ |
| ৩২. | সিরামিক দ্রব্য রপ্তানির বিপরীতে রপ্তানি প্রণোদনা | ৬.০০ |
| ৩৩. | টুপি রপ্তানির বিপরীতে রপ্তানি প্রণোদনা | ৭.০০ |
| ৩৪. | কাঁকড়া ও কুঁচে (হিমায়িত, সফটসেল ও জীবন্ত) রপ্তানির বিপরীতে রপ্তানি প্রণোদনা | ৬.০০ |
| ৩৫. | Galvanized Sheet/Coils (Coated with zinc, Coated with Aluminium ও Zinc এবং Color Coated) রপ্তানির বিপরীতে রপ্তানি প্রণোদনা | ৬.০০ |
| ৩৬. | কেমিক্যাল পণ্য (ক্লোরিন, হাইড্রোক্লোরিক এসিড) রপ্তানির বিপরীতে রপ্তানি প্রণোদনা | ৫.০০ |
| ৩৭. | কনজিউমার ইলেকট্রনিক্স, ইলেকট্রিক্যাল হোম ও কিচেন অ্যাপ্লায়েন্স পণ্য রপ্তানিতে রপ্তানি প্রণোদনা | ৬.০০ |
| ৩৮. | চাল রপ্তানিতে রপ্তানি প্রণোদনা | ৩.০০ |
| ৩৯. | দেশে উৎপাদিত চা রপ্তানির বিপরীতে রপ্তানি প্রণোদনা | ২.০০ |
| ৪০. | দেশে উৎপাদিত MS Steel Products রপ্তানির বিপরীতে রপ্তানি প্রণোদনা | ২.০০ |
| ৪১. | দেশে উৎপাদিত বাইসাইকেল ও এর পার্টস রপ্তানির বিপরীতে রপ্তানি প্রণোদনা | ৩.০০ |
| ৪২. | দেশে উৎপাদিত সিমেন্ট সিট রপ্তানির বিপরীতে রপ্তানি প্রণোদনা | ৩.০০ |
| ৪৩. | বিশেষায়িত অঞ্চল (ইজেড, ইপিজেড ও হাইটেক পার্ক) এ অবস্থিত প্রতিষ্ঠানের অনুকূলে রপ্তানি প্রণোদনা:<br>এফই সার্কুলার নম্বর ৩৪/২০২১-এর<br>১) প্রথম অনুচ্ছেদের (ক) উপঅনুচ্ছেদ অনুসারে সংশ্লিষ্ট সার্কুলারের আওতায় পরিশোধ্য রপ্তানি প্রণোদনা (এফই সার্কুলার নং ০১, তারিখ জানুয়ারি ০৭, ২০২০-এর আওতায় পরিশোধ্য তৈরি পোশাক খাতে বিশেষ নগদ সহায়তা ব্যতীত)<br>২) প্রথম অনুচ্ছেদের (খ) উপঅনুচ্ছেদের আওতায় টাইপ-এ ও টাইপ-বি প্রতিষ্ঠানের প্রক্রিয়াজাত কৃষিপণ্য রপ্তানির বিপরীতে রপ্তানি প্রণোদনা<br>৩) প্রথম অনুচ্ছেদের (ক) উপঅনুচ্ছেদের আওতায় এফই সার্কুলার নং ০১, তারিখ জানুয়ারি ০৭, ২০২০-এর আওতায় তৈরি পোশাক খাতে বিশেষ নগদ সহায়তা এবং (গ) উপঅনুচ্ছেদ অনুসারে সকল ক্যাটাগরিভুক্ত প্রতিষ্ঠানের অন্যান্য পণ্য রপ্তানির বিপরীতে রপ্তানি প্রণোদনা | <br><br>২.০০<br>২.০০<br>০.৩০ |